মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্বাবধায়কের বাসাতে চুরি

এবার মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের তত্বাবধায়কের বাসার তালা ভেঙ্গে চুরি সংঘটিত হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর থেকে বিকেলের মধ্যে যে কোনো সময় এই চুরির ঘটনা ঘটেছে বলে মনে করছে পুলিশ বিভাগ।
সংঘবদ্ধ চোরের দল তত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস সাত্তারের সরকারি কোয়ার্টারের বাসার দরজার হুক তুলে ফেলে ঘরে ঢুকে নগদ ৫০ হাজার টাকা ও একটি মোবাইল ফোন নিয়ে গেছে। এসময় ডা.জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার খুলনাতে একটি মিটিং এ রয়েছেন।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দিন আহমেদ এ তথ্য নিশ্চিত কেরেছেন।

তিনি জানান, সন্ধ্যার দিকে হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা.মোখলেছুর রহমান নামাজে যাওয়ার সময় প্রথমে দরজা খোলা দেখে সেখানে গিয়ে চুরির ঘটনা জানতে পারেন।

চোরের দল টাকা ও মোবাইল ফোন নিয়ে গেলে ল্যাপটপ এবং ট্যাব নেননি। তার বেডরুমের উপর কিছু প্রয়োজনীয় কাগজপত্র ও পোশাক ছড়ানো ছিটানো ছিলো বলে জানান তিনি। এঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলে জানান ওসি তদন্ত।
তত্বাবধায়ক জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার খুলনাতে থাকায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি